

## অতীব জরুরী

জনসেবার জন্য প্রশাসন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ  
(আইসিটি শাখা)

নং-০৫.৪৩.৬৪০০.১২০.০২.০১০.১৪-১২০

তারিখ: ০৫ আষাঢ় ১৪২১ বঙ্গাব্দ  
১৯ জুন ২০১৪ খ্রিস্টাব্দ

### বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন প্রসংগে।

সূত্র: এটুআই প্রোগ্রাম-II, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর ১৭ জুন ২০১৪ খ্রি: তারিখের ০৩.৮০৫.০০৫.০০.০০.  
০২৪.২০১৪-৫৮৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত রূপকল্প-২০২১ অনুসারে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে এটুআই প্রোগ্রামের আওতায় ইউনিয়ন থেকে শুরু করে মন্ত্রণালয়/বিভাগ পর্যন্ত একই ফ্রেমওয়ার্কে জাতীয় তথ্য বাতায়ন নির্মাণ করা হয়েছে। আগামী ২৩ জুন ২০১৪ খ্রি: তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিপরিষদ কক্ষে মাননীয় প্রধানমন্ত্রী ন্যাশনাল ওয়েব পোর্টাল উদ্বোধন করবেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ন্যাশনাল ওয়েব পোর্টাল উদ্বোধনের পূর্বেই ন্যাশনাল ওয়েব পোর্টাল হালনাগাদকরণ এবং অসম্পূর্ণতা দূর করা প্রয়োজন। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ন্যাশনাল ওয়েব পোর্টাল উদ্বোধন এর বিষয়টি ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে যথাযথভাবে প্রচার প্রচারনার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রধানমন্ত্রীর উদ্বোধনের অনুষ্ঠানটি বড পর্দার মাধ্যমে জনসন্মুখে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, আগামী ২৩ জুন ২০১৪ খ্রি: তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ন্যাশনাল ওয়েব পোর্টাল উদ্বোধন এর পূর্বেই ইউনিয়ন, উপজেলা, জেলা ওয়েব পোর্টাল হালনাগাদকরণ এবং অসম্পূর্ণতা দূর করে ফ্যাক্সযোগে এবং acictnaogaon@yahoo.com ই-মেইলে অবহিতকরণসহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ন্যাশনাল ওয়েব পোর্টাল উদ্বোধন এর বিষয়টি ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে যথাযথভাবে প্রচারের এবং প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর আলম)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
নওগাঁ।

দূরালপনী: ০৭৪১-৬২৩২২ (দপ্তর)  
০৭৪১-৬২৫২২ (বাসা)

ই-মেইল: adcgnaogaon@mopa.gov.com

#### প্রাপক:

০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ....., নওগাঁ।

বিতরণ (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে)

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২। জেলা প্রশাসক, নওগাঁ।

০৩। নেজারত ডেপুটি কালেক্টর, নওগাঁ।

০৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।

০৫। জেলা তথ্য অফিসার, নওগাঁ।

০৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।